

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কিবলা পরিবর্তন (تحویل القبلة)

নাখলা অভিযান শেষ হবার পর ২য় হিজরীর শা'বান মাসে (ফেব্রুয়ারী ৬২৪ খৃ.) ক্বিবলা পরিবর্তনের আদেশ সূচক আয়াতটি (বাক্বারাহ ২/১৪৪) নাযিল হয়। যাতে ১৬/১৭ মাস পরে বায়তুল মুক্কাদ্দাস হ'তে কা'বার দিকে মুখ ফিরিয়ে ছালাত আদায়ের নির্দেশ দেওয়া হয়।[1] এই হুকুম নাযিলের মাধ্যমে কপট ইহূদীদের মুখোশ খুলে যায়। যারা মুসলমানদের কাতারে শামিল হয়েছিল স্রেফ ফাটল ধরানো ও বিশৃংখলা সৃষ্টির জন্য। এখন তারা তাদের নিজস্ব অবস্থানে ফিরে গেল এবং মুসলমানেরাও তাদের কপটতা ও খেয়ানত থেকে বেঁচে গেল। একই সময়ে রামাযানের ছিয়াম ও যাকাতুল ফিৎর ফরয় করা হয়।[2]

ফুটনোট

- [1]. কুরতুবী, ইবনু কাছীর, তাফসীর সূরা বাক্বারাহ ১৪৪ আয়াত; বুখারী হা/৪০; মুসলিম হা/৫২৫; ইবনু হিশাম ১/৬০৬।
- [2]. ইবনু কাছীর, আল-ফুছূল ফী সীরাতির রাসূল (ছাঃ); তাহকীক : মুহাম্মাদ আলী হালাবী আল-আছারী (শারজাহ : দারুল ফাৎহ, ১ম সংস্করণ ১৪১৬/১৯৯৬ খৃ.) ৪৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5389

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন